প্রথম আলো

তারিখ ..7 JAN 2009...
পৃষ্ঠা ...৩... কলাম ...৬...

# আইডিয়াল কলেজের অধ্যক্ষের কার্যালয় ভাঙচুর

নিজস্ব প্রতিবেদক ●

মডেল টেস্টের নামে বাধ্যতামূলক দুই হাজার টাকা আদায়ের প্রতিবাদে আইডিয়াল কলেজের ছাত্ররা অধ্যক্ষের কক্ষ ভাঙচুর করেছে। গতকাল মঙ্গলবার দুপুরে ছাত্ররা দুই ঘণ্টা ধরে কলেজ চত্বর ও কলেজের বাইরে বিক্ষোভ করে।

তবে কলেজের অধ্যক্ষ ড. শামসুল আলম *প্রথম আলোকে* বলেন, ভাঙচুরের সঙ্গে কলেজের কোনো ছাত্র জড়িত নয়; সুযোগসন্ধানী বহিরাগতরা এ ঘটনা ঘটিয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বেলা ১১টার দিকে এক-দেড় শ ছাত্র কলেজ চত্বরে বিক্ষোভ মিছিল বের করে। তারা মডেল টেস্টের নামে বাড়তি টাকা নেওয়ার প্রতিবাদে কলেজ কর্তৃপক্ষের বিরুদ্ধে স্লোগান দিতে থাকে। দুপুর ১২টার দিকে ছাত্ররা স্লোগান দিতে দিতে কলেজের সামনে রাস্তায় অবস্থান নেয়। একপর্যায়ে বিক্ষোভকারীরা রাস্তা থেকে অধ্যক্ষের কক্ষ লক্ষ্য করে ঢিল ছুড়তে থাকে। এতে কক্ষের কাচ ভেঙে যায়। শিক্ষক ও সাধারণ ছাত্রদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। বেলা একটার দিকে খবর পেয়ে ধানমন্ডি থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয়।

বিক্ষোভকারী ছাত্ররা অভিযোগ করে, কলেজ কর্তৃপক্ষ মডেল টেস্ট, অনুপস্থিতি ও বিলম্বের কারণে জরিমানাসহ নানা অজুহাতে তাদের কাছ থেকে টাকা হাতিয়ে নেয়।